

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০১১.১৩-১৯

তারিখ: ১১/০১/২০১৮ খ্রিঃ


বিষয়: আত্মসাতকৃত টাকার অতিরিক্ত সময়ের সার্ভিস চার্জ ৯৮,২৭৯/- টাকা সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান প্রসংগে।

সূত্র: ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০১১.১৩-২৮৩ তারিখ : ১২/০৭/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, হোসেনপুর উপজেলায় কর্মকালীন বিভিন্ন ভাবে ঋণের ২১৫৭৫০/- টাকা তৎকর্তৃক আত্মসাতের কারণে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় অভিযোগ প্রমাণের প্রেক্ষিতে তার বিরুদ্ধে শাস্তি আরোপ করা হয় এবং আত্মসাতকৃত টাকা দ্রুততম সময়ের মধ্যে জমা দানের অঙ্গীকারের ভিত্তিতে মামলা নিষ্পত্তি হয়। নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, তিনি ঋণের আসল বাবদ ২১৫৭৫০/- জমা প্রদান করলেও বর্ণিত পরিমাণ টাকার (আত্মসাতের তারিখ হতে জমার তারিখ পর্যন্ত ব্যবহারকালীন সময়ের) বিপরীতে ৯৮,২৭৯/- টাকা সার্ভিস চার্জ তার নিকট পাওনা রয়েছে। কেননা, বর্ণিত পরিমাণ টাকা ঋণীদের মধ্যে বিতরণ এবং পরিশোধের তারিখ পর্যন্ত সময়ের জন্য (ব্যবহারকালীন সময়ের) ৯৮,২৭৯/- টাকা সার্ভিস চার্জ পাওয়া যেতো।

২. সে প্রেক্ষিতে বর্ণিত সূত্রের পত্রের মাধ্যমে তার নিকট প্রাপ্য ৯৮,২৭৯/- টাকা আগস্ট, ১৭ মাস হতে পরবর্তী ১৩ টি মাসিক কিস্তিতে $(৮০০০ \times ১২) = ৯৬০০০/-$ এবং ১৩ তম কিস্তিতে ২২৭৯/- হোসেনপুর উপজেলার ঋণ হিসাবে জমা দেয়ার নির্দেশনা দেয়া হয়েছিল। এ পর্যন্ত প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায়, নির্দেশনা প্রদানের পর ০৫ (পাঁচ) মাস সময় অতিবাহিত হলেও তিনি কোন রকম অর্থ জমা প্রদান না করে নির্বিকার রয়েছেন। তার এ ধরনে আচরণ শাস্তিযোগ্য অপরাধ।

৩. এমতাবস্থায়, তাকে বর্ণিত পত্রের নির্দেশনা মাফিক নির্ধারিত কিস্তি পরিশোধ করতে পুনরায় নির্দেশ প্রদান করা হলো। একই সাথে বর্ণিত নির্দেশনা অমান্যের কারণে কেন তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে সুপারিশ করা হবে না তার কারণ আগামী ২৮/০১/১৮ তারিখের মধ্যে জানাতে বলা হলো।


(কে. এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক(দাঃবিঃওঃঋণ)
ফোন-৯৫১৫০১৯

প্রাপকঃ


জনাব ইকবাল হোসেন ভূইয়া
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
বিশম্ভরপুর, সুনামগঞ্জ।

নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০১১.১৩-১৯

তারিখ: ১১/০১/২০১৮ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ

- ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ/কিশোরগঞ্জ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, হোসেনপুর-কিশোরগঞ্জ কে টাকা জমাকরণের তথ্য(প্রমানকসহ) প্রধান কার্যালয়ে প্রতিবেদন পাঠাতে বলা হলো।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৫। অফিস নথি।


(কে. এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক(দাঃবিঃওঃঋণ)